D.A.V PUBLIC/MODEL SCHOOLS, WEST BENGAL ZONE
ANNUAL EXAMINATION
Session:2018-19

Class: IX
Subject: Bengali

SET-B

Maximum Marks:80
Time:3Hrs

---

১) নীচের অনুচ্ছেদটিপড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ (১x৫=৫)

প্রায় আড়াই হাজার বছর আগের কথা। গ্রিসদেশের এথেন্স শহরে এক গরীবের ঘরে একটা কুশ্রী ছেলের জন্ম হয়। গরীবের ছেলে, পরনে তাঁর ছেঁড়া কাপড়। দু-বেলা পেট ভরে খেতে পায়না সে আবার লেখা পড়া শিখবে কী করে? সে পাথরের মূর্তি গড়তে পারত- তাই বেচে এবং অবসর মতো লোকের কাছ থেকে দুকথা শিখে মানুষ হতে লাগল। ঠিক এই সময় ক্রাইটো নামে এক জন ধনী লোক এই ছেলেটির সঙ্গে আলাপ করে। তার মিষ্টি ব্যবহারে এত খুশি হলেন যে তিনি তখনই নিজের খরচে তার লেখাপড়ার ব্যবস্থা করে দিলেন। সকলেই ভাবল গরীবের ছেলে ভালো লেখা পড়া শিখে এবার একটা বড়ো চাকুরি কী ব্যাবসা করবে। এথেন্স শহরে তখন একদল লোক থাকত – যাদের ব্যাবসা ছিল পণ্ডিতি করা। তারা লোকের কাছে পয়সা নিয়ে আড্ডা খুলত এবং সেখানে বড়োবড়ো কথা বলে চুলচেরা তর্ক করে নানা রকম বিদ্যায় ভড়ং দেখিয়ে বাজিমাত করার চেষ্টা করত না জানি তারা কত বড়ো পণ্ডিত। গরীবের ছেলেটি এই সব পণ্ডিতের দলে মিশে এমন সব প্রশ্ন করতেন তার প্রশ্নের ঠেলায় পণ্ডিতরা অস্থির হয়ে পড়ত। দেখতে দেখতে ছেলেটির নাম ছড়িয়ে পড়ল – সকলেই তাকে চিনত সক্রেটিস বলে।

ক) সক্রেটিসের জন্ম কখন কোথায় হয়?
খ) তাঁর বাল্যজীবন কেমন ছিল?
গ) কে তাকে লেখা পড়া শিখিয়ে ছিলেন?
ঘ) এথেন্সের পণ্ডিতরা তখন কী করে বেড়াতেন?
ঙ) সন্ধি বিচ্ছেদ করঃ ব্যবস্থা

২) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখঃ (১x৫=৫)

এই গলট্যানিক অ্যাসিডটা কীভাবে পাওয়া যায় তা জেনে রাখা ভাল। তোমরা আমলকি, হরীতকী, বহেড়া প্রভৃতি ফল হয়তো দেখে থাকবে। এই তিনটির মিশ্রণকেই আমরা ত্রিফলা বলে থাকি। এই সব ফলে কিছু পরিমাণ ট্যানিক অ্যাসিড থাকে। কিন্তু সবচেয়ে বেশি পরিমাণে ট্যানিক অ্যাসিড থাকে মাকুফল বা গলন্যাটে। গলনাট দেখনি। কারণ ওটা আমাদের দেশে পাওয়া যায়না। ওক আমাদের দেশে পাওয়া যায়না।

ওক গাছে ওয়াসপ নামে একরকম পোকা লাগে। এই পোকারা ওক গাছের পাতায় ডিম পাড়ে ফলে পাতার তন্তুগুলি নষ্ট হয়ে যায়। গাছ তখন ঐ ক্ষত স্থানে রসক্ষরণ করে। আর অতিরিক্ত ক্ষরিত রস ক্ষতস্থানে জমে সৃষ্টি করে গলনাট। এই গলনাট কে ভালো করে গুঁড়ো করে নিয়ে অ্যালকোহলের সঙ্গে ফোটালেই পাওয়া যায় গলট্যানিক অ্যাসিড।

ক) ত্রিফলা কী?
খ) ট্যানিক অ্যাসিড সবচেয়ে বেশি পরিমাণে কোন ফলে পাওয়া যায়?
গ) ওক পাতার তন্তু কেন নষ্ট হয়ে যায়?
ঘ) গলট্যানিক অ্যাসিড কীভাবে পাওয়া যায়?
ঙ) 'সৃষ্টি' শব্দটির বিপরীত শব্দ লেখ?

৩) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখঃ (১x৫=৫)

এ যুগের দিকপাল হিসাবে আমি ফ্রিডরিখ নিৎসে, নয়াম চমস্কি ও মিসেল ফুকো এই তিন কৃতবিদ্য ব্যক্তির নাম উল্লেখ করছি। এরা একে অন্যের চিন্তাধারাকে প্রভাবান্বিত যেমন করেছেন তেমনই প্রভাবিত হয়েছেন। তাদের পাঠক বিশ্বব্যাপী এবং তাদের অনুসরণকারীর

সংখ্যাও বিশাল। মিসেল ফুকোর মূল রচনাগুলি ছিলো জার্মান ভাষায়। ইংরেজি ও জার্মান দুটির থেকেই বিভিন্ন ভাষায় তার অনুবাদ হয়েছে। নোয়াম চমস্কিরলেখা ইংরেজি ভাষাতেই যদিও তাঁর রচনা অনুবাদে দুর্বোধ্যতাতৈরী করেছে। নিৎসের জন্ম জার্মানে ফলত তার রচনাগুলিও জার্মান থেকে অন্যান্য ভাষার মাধ্যমে দেশে বিদেশে ছড়িয়ে পড়েছে এবং যথোপযুক্ত সমাদৃত হয়েছে।

ক) ফ্রিডরিখ নিৎসের জন্ম কোথায় ?

খ) নোয়াম চমস্কির লেখাগুলি কোন ভাষায় লেখা হয়েছে ?

গ) নিৎসে, চমস্কি, ফুকোকে এ যুগের কী হিসাবে চিহ্নিত করা হয় ?

ঘ) কাদের পাঠক বিশ্বব্যাপী ছড়িয়ে আছে ?

ঙ) বাক্য রচনা করঃ – সমাদৃত।

বিভাগ-খ

৪) তোমাদের বিদ্যালয়ে স্বাস্থ্য সচেতনতা শিবির হবে। সেখানে রক্ত দান করার ব্যাপারে সকল ছাত্র ছাত্রী কে আহ্বান জানিয়ে বিদ্যালয়ের প্রধান ছাত্র হিসেবে একটি বিজ্ঞপ্তি লেখ। (৫)

অথবা

তোমার বিদ্যালয়ে 'স্কুল ম্যাগাজিন' প্রকাশিত হবে। এব্যাপারে সকল ছাত্র ছাত্রীকে লেখা জমা দেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদক হিসেবে একটি বিজ্ঞপ্তি লেখ।

৫) 'ডাইনি সন্দেহে পুড়িয়ে মারা হল বৃদ্ধাকে' – এ সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর। (৫)

অথবা

বিদ্যালয়ের সাড়ম্বরে পালিত হল 'বন মহোৎসব' বিষয়টি অবলম্বনে একটি প্রতিবেদন রচনা কর।

৬) ক) হিমাচল খ) দিন+অন্ত গ) রত্নাকর ঘ) মহা+আকাশ (১x৫=৫)
ঙ) চলোর্মি চ) নয়ন ছ) সুধেন্দু জ) সু + অল্প।

৭) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর (পাঁচটি) (১x৫=৫)
ক) কৃদন্ত খ) অনাথাশ্রম গ) অনাদি ঘ) তেপান্তর ঙ) পাঁচফোড়ন
চ) রোগমুক্ত ছ) রসজ্ঞ জ) বিশ্ববিখ্যাত।

৮) অশুদ্ধি সংশোধন করে শুদ্ধ রূপটি লেখঃ (১x৫=৫)

ক) সাক্ষী দিতে গেলাম।

খ) সেখানে প্রবেশ নিষেধ ।

গ) টাটকা গরুর দুধ।

ঘ) সকল পশুরা তৃণভোজী ।

ঙ) গতকাল আমাবস্যা ছিল।

চ) সে একটি বই পুরষ্কার পেল।

ছ) আগামী কাল স্বরস্বতী পূজা।

জ) তিনি আরোগ্য হয়েছেন।

৯) বাক্য পরিবর্তন কর (পাঁচটি) (১x৫=৫)

ক) একজন রাজপুতও বেঁচে রইল না। (অস্ত্যর্থক বাক্যে)

খ) বৃষ্টি থেমেছে। (নাস্ত্যর্থক বাক্যে)

গ) ও কথায় আর কাজ নাই । (প্রশ্নবাচক বাক্যে)

ঘ) সবদিন সমান যায় না । (প্রশ্নবাচক বাক্যে)

ঙ) ইহা অতীব আশ্চর্য। (আবেগসূচক বাক্যে)

চ) এই নিয়ে আক্ষেপ করা বৃথা । (প্রশ্নবাচক বাক্যে)

ছ) কুবের কিছু বলে না । (অস্ত্যর্থক বাক্যে)

জ) এ যে বিষম বিপত্তি। (আবেগসূচক বাক্যে)

বিভাগ-ঘ

১০) সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ (MCQ) (যে কোন পাঁচটি) (১x৫=৫)

ক) ছুটি গল্পে ফটিকের পদবী কী ছিল?

i) চৌধুরী ii) চক্রবর্তী iii) চট্টোপাধ্যায়

খ) ইলিয়াস কত বছর বয়সে সর্বহারা হয়?

i)৭০ ii) ৬৫ iii) ৭৫

গ) ভগিনী নিবেদিতা ছিলেন-

i) ইংল্যান্ডের ii) স্কটল্যান্ডের iii) আয়ারল্যান্ডের অধিবাসী

ঘ) পত্রিকার কর্তৃপক্ষ সুকুমারকে কত টাকা দিয়েছিলেন?

i) পাঁচ ii) দশ iii) কুড়ি

ঙ) কার দোর গোড়ায় লেখা ছিল যে অঙ্ক জানেনা তার প্রবেশ নিষেধ-

i) প্লেটো ii) অ্যারিস্টটল ii) রুশো

চ) ইংল্যান্ডে স্বামীবিবেকানন্দের ধর্মপ্রচারে সাহায্য করেন-

i)মিসমুলার ii) মিস্টার স্টার্ডি iii)মিসেস বুল

১১) স- প্রসঙ্গ ব্যাখ্যা লেখঃ (৫x১=৫)

" গাধা পিটিয়ে ঘোড়া করতে গেলে গাধাটাই পঞ্চত্ব পায়।"

অথবা

"বিশেষত তেরো চৌদ্দ বৎসরের ছেলের মতো এমন বালাই আর নাই।"

১২) " তোমাকে একটু সাবধান করা দরকার" (১+১+৩=৫)

ক) কাকে সাবধান করা দরকার?

খ) কেন সাবধান করা দরকার?

গ) কী বিষয়ে সাবধান করা দরকার?

অথবা

"কিন্তু আজ এমন সুখের সন্ধান আমরা পেয়েছি যে আর কিছুই আমরা চাই না"।

ক) উদ্ধৃত অংশটির বক্তা কে ?

খ) কেন তারা বর্তমানে সুখে আছে বলে দাবী করেছে ?

গ) কেনইবাতারাআগেসুখপায়নি?

১৩) স-প্রসঙ্গ ব্যাখ্যা লেখ - (৫x১=৫)

" তোমার স্বদেশ তাহলে মরুভূমি।"

অথবা

"উঠে কত হলাহল, উঠে কত সুধা"

১৪) " মাঠের রাখাল, বেদনা তাহার আমরা কি অত বুঝি;" (২+৩=৫)

ক) কবিতা অবলম্বনে " মাঠের রাখাল "-এর পরিচয় দাও।

খ) তার বেদনার কারণটি বুঝিয়ে লেখ।

অথবা

"রবি অস্তাচলে যায়, নূতন তপন আনে আলোক অতুল"-

ক) 'রবি অস্তাচলে যায়' বলতে কী বোঝানো হয়েছে ?

খ) 'নূতন তপন আনে আলোক অতুল' বলতে কী বোঝ?

১৫) একটি বাক্যে উত্তর লেখঃ(পাঁচটি) (১x৫=৫)

ক) গ্রামের বারোয়ারি চড়ক পূজার সময় কে হরিহরের কাছে চাঁদা চাইতে এসেছিল?

খ) কার ভিটার উপর অপু-দুর্গা চড়ুইভাতি করেছিল ?

গ) কোন বৈষ্ণব বাবাজির সঙ্গে অপুর খুব ভাব ছিল ?

ঘ) অপু কোথায় কড়ি খেলতে গিয়েছিল ?

ঙ) কার বাড়ি দেখে অপুর মুখ শুকিয়ে গিয়েছিল ?
চ) অপুর গুরুমহাশয়ের নাম কি ছিল ?
ছ) কার বাড়িতে হরিহর গোমস্তার কাজ করতেন ?

১৬) " বিনি দু-একবার ইতস্তত করিয়া অপুর গেলাসটা দেখাইয়া বলিল-" (১+২+২=৫)
ক) বিনি কে ?
খ) বিনি অপুর ' গেলাসটা ' দেখিয়ে কি বলেছিল ?
গ) বিনির সঙ্গে পাড়ার লোকেরা কেমন ব্যবহার করত ?

অথবা

"দু'জনে ভাব হইয়া যায়"
ক) আলোচ্য উদ্ধৃতাংশটি কোন্ মূল গ্রন্থ থেকে গৃহীত হয়েছে?
খ) দু জন কে কে?
গ) তাদের মধ্যে কীভাবে ভাব হয়েছিল?

****